

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
www.mof.gov.bd
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং-০৭.১০১.০১৮.০০.০০.০১০.২০১৩-১৬৫

তারিখঃ ৩০ মার্চ, ২০১৬

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থবছরে "বাংলা নববর্ষ ভাতা" প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ (জাতীয় বেতন স্কেল, ২০১৫)-এর ১৬ নং অনুচ্ছেদ মোতাবেক ১৪২৩ বঙ্গাব্দ হতে "বাংলা নববর্ষ ভাতা" প্রদান করার বিধান রাখা হয়েছে। বাংলা নববর্ষ ভাতা পাওয়ার ক্ষেত্রে অর্থ বিভাগের ১৪/১০/২০১৫ স্থি. তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০১৮.১৪-৭৮ নং প্রজ্ঞাপন মোতাবেক জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত সকল কর্মচারী (সামরিক/বেসামরিক) প্রতিবছর মার্চ মাসে আহরিত মূল বেতনের ২০% হারে "বাংলা নববর্ষ ভাতা" প্রাপ্য।

২। উল্লেখ্য, ২০১৫-১৬ অর্থবছর থেকে "বাংলা নববর্ষ ভাতা" প্রদান করার লক্ষ্যে "৪৭১৪-বাংলা নববর্ষ ভাতা" শীর্ষক একটি নতুন অর্থনৈতিক কোড খোলা হয়েছে এবং ২০১৫-১৬ অর্থবছরের সংশোধিত বাজেটে সকল মন্ত্রণালয়/বিভাগের অনুকূলে উক্ত কোডে প্রয়োজনীয় বরাদ্দ রাখার ব্যবস্থা নেয়া হয়েছে। তবে "সংশোধিত বাজেট কর্তৃত্ব" জারী করতে আরো কিছু সময়ের প্রয়োজন হবে। কাজেই ১৪ এপ্রিল, ২০১৬ তারিখের পূর্বেই হিসাব রক্ষণ কার্যালয়সমূহকে নির্দেশনা প্রদান করা প্রয়োজন যাতে তারা নববর্ষ ভাতার বিলসমূহ পাস করেন, যা পরবর্তীতে চলতি অর্থবছরের সংশোধিত বাজেটে "৪৭১৪-বাংলা নববর্ষ ভাতা" কোডে প্রদর্শিত হবে।

৩। উপর্যুক্ত প্রেক্ষাপটে, ২০১৫-১৬ অর্থবছরে ১৪২৩ বঙ্গাব্দের "বাংলা নববর্ষ ভাতা" প্রদানের লক্ষ্যে এ কোডের বিপরীতে সকল মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত বিল পরিশোধের জন্য আপনার আওতাভুক্ত সকল কার্যালয়কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো।

(মোঃ হাবিবুর রহমান)

যুগ্ম সচিব

ফোনঃ ৯৫৭৬০৪৩

বিতরণঃ

- ১। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ২। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা
- ৩। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, আব্দুল গণি রোড, ঢাকা

অনুলিপিঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব / সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
- ৪। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৫। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।